বিনোদনের মাধ্যমে শিক্ষা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক (চ:দা:), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

এবং

প্রধান শিক্ষক, বিসিএসআইআর উচ্চ বিদ্যালয়
ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৫

এর মধ্যে সমঝোতা চুক্তি

১ জানুয়ারি, ২০১৯- ৩১ ডিসেম্বর, ২০১৯

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রমকে বহুল প্রচার এবং আগামী প্রজন্ম অর্থাৎ বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ এবং বিজ্ঞান মনস্ক করে তোলা, বিজ্ঞান শিক্ষায় তাদের জ্ঞান অর্জন এবং প্রতিভাকে বিকশিত করার লক্ষ্যে:

মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

এবং

প্রধান শিক্ষক, বিসিএসআইআর উচ্চ বিদ্যালয়, ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৫ এর মধ্যে এই সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল। সমঝোতা চুক্তিতে নিম্নলিখিত বিষয়গুলো কার্যকর হবে।

১। সমঝোতা চুক্তির মেয়াদ ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদ পর্যন্ত কার্যকর হবে।

২। সরকারি বিধি ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন ২০১০ মোতাবেক বিসিএসআইআর উচ্চ বিদ্যালয় শিক্ষার্থী ও শিক্ষকদেরকে বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করা হবে।

৩। নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটেরিয়াম শো, 5D মুভি থিয়েটার, 5D ইন্টারেকটিভ এডুটেইনমেন্ট সিমুলেটর, সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্রদর্শনের ব্যবস্থা করা হবে।

৪। শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদার প্রেক্ষিতে বিআরটিসি এর দ্বিতল বাস শিক্ষার্থীদের আনা-নেয়ার জন্য প্রদান করা হবে।

৫। বিদ্যালয়ের শিক্ষার্থীদের মহাকাশ বিষয়ে যেকোন বিষয়ের জিজ্ঞাসার সঠিক ও সহজ ধারণা প্রদান করা হবে।

৬। শিক্ষার ব্যাঘাত না ঘটিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের চাহিদা অনুসারে সরকারি বিভিন্ন প্রোগ্রামে উক্ত প্রতিষ্ঠান ছাত্র-ছাত্রী প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

**প্রধান শিক্ষক**
বিসিএসআইআর উচ্চ বিদ্যালয়
ড. কুদরত-ই-খুদা রোড, ধানমন্ডি, ঢাকা- ১২০৫

**পরিচালক (চ:দা:)**
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার
বিজয় স্মরণী, ঢাকা- ১২২৫

উপস্থিত স্বাক্ষীগণের স্বাক্ষর

১।
মোঃ সাবিবুল রেজা
এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

২।
মোঃ ফারুক হোসেন
উপ-সহকারী প্রকৌশলী (শব্দ)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

৩।

৪।

**১.১ রূপকল্প (Vision):** মহাকাশ বিজ্ঞানের দিগন্ত উন্মোচনের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারকে দেশের বিজ্ঞান শিক্ষায় একটি উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা।

**১.২ অভিলক্ষ্য (Mission):** বিনোদনমূলক শিক্ষার মাধ্যমে জনমনে বিজ্ঞান সম্পর্কে ইতিবাচক ধারণা প্রোথিত করা এবং প্লানেটেরিয়াম, থ্রি-ডি, টেলিস্কোপ, বিভিন্ন সাইন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস প্রদর্শনী, মহাকাশ সম্পর্কিত গবেষণা ইত্যাদির মাধ্যমে ভবিষ্যত প্রজন্মকে বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষায় উৎসাহী করে তোলা।

**১.৩ প্রধান কার্যাবলি:**

১. প্লানেটেরিয়াম প্রদর্শনী পরিচালনার মাধ্যমে জনগণকে বিজ্ঞান ও মহাকাশ সম্পর্কে সঠিক ধারণা প্রদান;

২. বিজ্ঞানের বিভিন্ন বিষয়কে আকর্ষণীয়ভাবে সাইন্টিফিক ও ডিজিটাল প্রদর্শনীর মাধ্যমে জনগণের সামনে তুলে ধরা এবং জনগণকে বিজ্ঞান শিক্ষায় উৎসাহী করে তোলা;

৩. মহাকাশ বিজ্ঞান শিক্ষা সম্পর্কে গবেষণা করার ক্ষেত্রে নভোথিয়েটারকে উৎকর্ষতার কেন্দ্রে পরিণত করা;

৪. সায়েন্টিফিক লাইব্রেরী স্থাপন করে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন তথ্য ও চিত্র, সাময়িকী, বই-পুস্তক সংরক্ষণ ও প্রদর্শনের ব্যবস্থা করা;

৫. জ্যোতির্বিজ্ঞানের নূতন নূতন তথ্য ও চিত্র সংগ্রহ ও সংরক্ষণ করা এবং প্রাপ্ত তথ্য সম্পর্কে নিয়মিত সেমিনার, সিম্পোজিয়ামের আয়োজন করে দেশের জনগণ তথা দেশের ছাত্র সমাজকে অবহিত করা;

৬. নভোথিয়েটারের যাবতীয় কর্মকান্ড সম্পর্কে পত্র-পত্রিকা, রেডিও, টেলিভিশন ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে জনগণকে অবহিত ও আকৃষ্ট করা এবং ব্রশিউর, লিফলেট ও বিজ্ঞাপন প্রকাশের মাধ্যমে স্কুল-কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা; এবং

৭. স্পেস রাইড সিমুলেটর, থ্রি-ডি মুভি এবং অন্যান্য অত্যাধুনিক যন্ত্রপাতি বা সরঞ্জামের মাধ্যমে বিজ্ঞানভিত্তিক ও জ্ঞানবিকাশে সহায়ক সুস্থ বিনোদনের ব্যবস্থা করা।

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রম

দেশের সকল নাগরিক ও শিক্ষার্থীকে বিনোদনের মাধ্যমে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান এবং মহাকাশ বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে নভোথিয়েটারের প্ল্যানিটেরিয়ামের বিদ্যমান অপটো মেকানিক্যাল সিস্টেমের আপগ্রেডেশন এবং অত্যাধুনিক ডিজিটাল সিস্টেম স্থাপনসহ সিনক্রোনাইজেশনের মাধ্যমে হাইব্রীড সিস্টেম স্থাপন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক জীবন সংগ্রামের উপর ৩০ মিনিট দৈর্ঘ্যের ডিজিটাল ফিল্ম নির্মাণ করা হয়েছে। এর মাধ্যমে বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য এবং মুক্তিযুদ্ধসহ অন্যান্য আন্দোলনে জাতির পিতার অবদান সম্পর্কে দর্শনার্থীগণ জ্ঞান লাভ করবে। এছাড়া ৩০টি সায়েন্টিফিক ও ডিজিটাল এক্সিবিটস, ৫-ডি মুভি থিয়েটার, স্মার্ট গেম ও স্মার্ট স্টেপ ফ্লোর এবং ৫-ডি এডুটেইনমেন্ট সিমুলেটর স্থাপন করা হয়েছে। একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে দর্শনার্থীদের বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে মহাকাশ বিজ্ঞান সম্পর্কে সঠিক ধারণা ও তথ্য প্রদান করা হচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের কার্যক্রমকে বহুল প্রচার এবং আগামী প্রজন্ম অর্থাৎ বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিজ্ঞান শিক্ষায় জ্ঞান অর্জন এবং প্রতিভাকে বিকশিত করার জন্য ০১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদে বছর মেয়াদী একটি সমঝোতা চুক্তির মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা হবে।